## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প” সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 25 JUNE 2026 ,THURSDAY|২৫ জুন ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-203



ডাউনলোড “এই যুগ অ্যাপ”

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন “এই যুগ অ্যাপ”


## কলকাতার তারাতলায় নির্মীয়মান গুদামের শেড ভেঙে মৃত পাঁচ ,আহত বেশ কয়েকজন ,দুর্ঘটনাস্থলে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৪ জুন :** দক্ষিণ কলকাতার তারাতলার বেস ব্রিজের কাছে একটি নির্মীয়মান গুদামের শেড ভেঙে মৃত্যু হয়েছে পাঁচ জনের ,আহত হয়েছেন ১৮ জন। আহতরা বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বেশ কয়েকজন ধ্বংসস্তুপের ভিতর আটকে রয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।প্রাথমিক ভাবে গুদামের নির্মাণ নকশায় ত্রুটির ইঙ্গিত পাওয়া গেছে । দুর্ঘটনাস্থলে পৌঁছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান , “এই মর্মান্তিক বিপর্যয়ের আপাতত ২১ জনকে উদ্ধার করা হয়েছে। তার মধ্যে পাঁচ জন মৃত। এখনও ১২-১৮ জন ভিতরে আটকে রয়েছেন।” মুখ্যমন্ত্রীর সাথে দুর্ঘটনা স্থলে উপস্থিত ছিলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ,ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ এবং স্বাস্থ্যমন্ত্রী ডঃ শারদ্বত মুখোপাধ্যায়।এর পরে নবান্নে ফিরে সাংবাদিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানে তিনি জানান , “প্রাথমিক ভাবে কেএমসি-র ইঞ্জিনিয়াররা আমাদের জানিয়েছেন ,ত্রুটিযুক্ত প্ল্যান। টেকনিক্যাল লোকেরা কাজ করছেন। রাতে রিপোর্ট পেয়ে যাব।” একই সঙ্গে তিনি জানান ,যেহেতু বিধানসভার অধিবেশন চলছে ,তাই ক্ষতিপূরণ বা ইত্যাদি বিষয়ে আগামিকাল সকাল ১১টায় অধ্যক্ষের অনুমতি নিয়ে বিবৃতি দেবেন তিনি ।আহতদের দেখতে আজ রাতে এসএসকেএম হাসপাতালে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী । তিনি চিকিৎসকদের সঙ্গে কথা বলে প্রত্যেকের শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন । সেখান থেকে তিনি জানান , “দু'জন গুরুতরভাবে আহত হয়েছেন ,তবে বাকি ১৮ জনের অবস্থা স্থিতিশীল। ঈশ্বরের কাছে সকলের দ্রুত আরোগ্য ও সুস্থতা কামনা করি।”

## রেল চালকের তৎপরতায় বেঁচে গেল একপাল হরিণ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** ট্রেন চালকের তৎপরতায় বেঁচে গেল একপাল হরিণ এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার রেল দপ্তরের আধিকারিকদের কাছ থেকে । বুধবার সকাল ৮:৪০ মিনিট নাগাদ 15467 আপ শিলিগুড়ি ইন্টারসিটি ট্রেন চলার সময় চালসা এবং নাগরাকাটা এলাকায় একপাল হরিণ দেখতে পান চালক অবদেশ কুমার এবং চালক মনোহর কুমার । এরপরেই ট্রেনটিকে নিয়ন্ত্রণে নিয়ে আসেন তারা। নিরাপদে হরিণ গুলি চলে যাবার পর তারা ওই এলাকা ত্যাগ করেন।। ট্রেন চালকের তৎপরতা বেঁচে গেছে একপাল হরিণ।

## আদালত চত্বরে প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ কে “চোর” স্লোগান জনতার



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৪ জুন :** ১৭ জুন কলকাতার ফুলবাগানের নিজের বাসভবন থেকে গ্রেফতার হন উদয়ন গুহ। আদালতের নির্দেশে উদয়নের পুলিশ হেফাজত হয়। করোনা কালে দিনহাটাতে শিশুমঙ্গল সমিতি তৈরিতে কোটি কোটি টাকার অর্থ তছরূপের অভিযোগ ছাড়াও দিনহাটা পৌরসভায় জাল নথি কাণ্ডে তার নাম উঠে আসে । এছাড়াও একুশের বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসায় মদত দেওয়া, আবাস যোজনায় দুর্নীতি প্রভৃতি বিভিন্ন বিষয়ে অভিযোগ তার বিরুদ্ধে রয়েছে । আজ দুপুরে উদয়ন কে পুলিশ ভ্যানে আদালতে নিয়ে যাবার সময় দিনহাটাবাসী চোর স্লোগান তোলে । ৬ দিন পর আজ পুনরায় উদয়ন গুহ কে আদালতে তোলা হলে বিচারক ৫ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।

## স্বাধীনতার পর উন্নয়নের ছোঁয়া পৌঁছায়নি বামন পাড়ায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** বামফ্রন্ট সরকারের চৌত্রিশ বছরের শাসনের পর তৃণমূল সরকারের ১৫ বছরেও উন্নয়ন বলতে কিছু হয়নি মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায়। দীর্ঘদিন এই গ্রাম পঞ্চায়েতে রাজত্ব করেছে তৃণমূল কংগ্রেস। উন্নয়নের ছোঁয়া পৌঁছায়নি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় উন্নয়ন হয়েছে তৃণমূল নেতাদের এমন কথাও শোনা যায় গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকার বাসিন্দাদের কাছ থেকে। মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বামনপাড়া এলাকায় ভেঙে রয়েছে রাস্তা তাছাড়া অনেক মাটির রাস্তায় এই ৪৯ বছরের শাসনকালে বালি পাথর পড়েনি। রীতিমতো ক্ষোভ প্রকাশ করেছেন ওই এলাকার বাসিন্দারা।

# বন ছায়া বস্তিতে নতুন করে গড়ে উঠছে গ্রাম



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** জয়ন্তীর বাসিন্দাদের পুনর্বাসনের জন্য ইতিমধ্যে পরিষ্কার করা হচ্ছে কালচিনি ব্লকের বনছায়া বস্তিতে থাকা সরকারি ফাঁকা জমি।এবার তার পাশে থাকা বিজয়পুরবস্তির কিছুটা জমিও নেওয়ার পরিকল্পনা প্রশাসনের বলে সূত্রের খবর। যেখানে রয়েছে বিজয়পুরবস্তির একাধিক বাসিন্দার বাড়ি ও চাষের জমিও। যা নিয়ে প্রশাসনের সাথে দ্বন্ধে জড়ালেন এলাকার বাসিন্দারা। নিজেদের ভিটেমাটি দিতে নারাজ বাসিন্দারা, বুধবার প্রশাসনের আধিকারিকদের ঘিরে বিক্ষোভও দেখান। তাদের অভিযোগ, এরপূর্বে গত ২০২৩ সালে তৎকালীন রাজ্য সরকারের নির্দেশেই একপ্রকার বাধ্য হয়ে বিজয়পুরবস্তির বেশ কিছু বাসিন্দাদের নিজেদের জমি ছাড়তে হয়েছিল, যেখানে বর্তমানে বক্সার জঙ্গলের গাঙ্গুটিয়া ও ভুটিয়া বনবস্তির বাসিন্দাদের পুনর্বাসন দেওয়া হয়েছে এবং গ্রামটির নাম রাখা হয়েছে বনছায়া বস্তি।এরপর কয়েকবছর বাদে ফের বক্সায় বাঘবন তৈরির লক্ষে জয়ন্তী গ্রামের বাসিন্দাদের বনছায়া বস্তিতে স্থানান্তর করার পরিকল্পনা প্রশাসনের। সেকারনে এবার বনছায়া বস্তি ঘেঁষা বিজয়পুরবস্তির একাধিক বাসিন্দাকে প্রশাসনের তরফে তাদের জমি ছাড়তে বলা হচ্ছে বলে দাবি।বাসিন্দাদের কথায়, এরপূর্বে একপ্রকার জোরপূর্বক আমাদের জমি নিয়ে নেওয়া হয়েছিল।সেসময় ক্ষতিপূরণের আশ্বাস মিললেও তা এখনও মেলেনি।এরপর ফের আমাদের অবশিষ্ট জমির ওপরেই নজর প্রশাসনের সেখানে একাধিক বাসিন্দার বাড়ি ও সুপরি সহ একাধিক চাষের জমি রয়েছে।আগে জমি দিলেও এবার আর জমি দেব না বলে হুঁশিয়ারি বাসিন্দাদের।এ বিষয়ে বিজয়পুর এলাকার বাসিন্দা বলেন, "পূর্ব পুরুষের দেওয়া এই জমি একমাত্র সম্বল আমাদের। এখানে অনেকেই চা বাগানের শ্রমিক, তবে বাগানের সামান্য হাজিরায় ঘর চালানো দায়, ফলে আমাদের অনেকেই সুপরির মতো ফসল চাষ করে জীবিকা নির্বাহ করছেন,আবার অনেকের বাড়িও রয়েছে।এমন পর্যায়ে জমি নিয়ে নিলে কথায় যাবো আমরা।"আরেক বাসিন্দা বলেন, "আমরা একটুও জমি ছাড়বো না। প্রশাসনের আধিকারিকদের কাছে আমরা পরিষ্কার জানিয়ে দিয়েছি।এই জমি ছাড়লে অনেকেই ভিটেমাটি, চাষের জমি হারাবেন,তারা কথায় যাবেন!"অপরদিকে, বিজয়পুরবস্তির কিছু বাসিন্দার জমির পাট্টা থাকলেও, বাকিদের কোনো জমির কাগজ নেই বলে প্রশাসন সূত্রে খবর।পাশাপাশি, প্রশাসনের এক আধিকারিকের কথায় জয়ন্তীর গোটা গ্রামকে পুনর্বাসনের জন্য প্রায় ৪৫০ একর জমির প্রয়োজন।তবে এখনও পর্যন্ত মাত্র ২০ একর জমি প্রশাসন তরফে পরিষ্কার করা হয়েছে।" ফলে বনছায়া বস্তি ঘেঁষা বিজয়পুরবস্তির প্রায় ৬০ একর জমির ওপর নজর রয়েছে প্রশাসনের।

# হরিণ শিকার করতে গিয়ে বন কর্তাদের হাতে ধরা পড়লো অভিযুক্ত




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** নারার থলি জঙ্গলে হরিণ শিকার করতে গিয়ে বনদপ্তরের কর্মীদের হাতে ধরা পড়ল স্বপন ঈশ্বরারী নামে ৪২ বছরের এক ব্যক্তি। তার কাছ থেকে উদ্ধার হয়েছে তীর ধনুক সহ হরিণের শিং। বুধবার অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলার পর তাকে চার দিনের বনদপ্তরের হেফাজতে আনা হয়েছে। বনদপ্তরের সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার প্রভাত কুমার বর্মন জানিয়েছেন গোপন খবরের ভিত্তিতে বনকর্মীরা অভিযান চালায়। অভিযান চালিয়ে মারা খাতা এলাকার বাসিন্দা স্বপন ঈশ্বরারী কে ধরে ফেলেন। বনদপ্তর এর কর্মকর্তা জানিয়েছেন বন রক্ষার জন্য বনদপ্তরের কর্মীরা তৎপর। জঙ্গলে টহলদারি অনেকটাই বাড়িয়ে দেওয়া হয়েছে তিনি দায়িত্ব গ্রহণ করার পরেই।

# মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতে অচল অবস্থা নিয়ে ক্ষোভ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** গ্রাম পঞ্চায়েত প্রধান ইস্তফা দিয়েছেন । উপপ্রধান গ্রাম পঞ্চায়েত দপ্তরে আসেন না। আর এর ফলেই মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের কয়েক হাজার বাসিন্দা প্রতিনিয়ত দুর্ভোগে দিন কাটাচ্ছেন। বুধবার গ্রাম পঞ্চায়েত দপ্তরে গিয়ে দেখা গেল শুনশান প্রধান এবং উপপ্রধানের কক্ষ। চেয়ার গুলি ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে ঘরের মধ্যে। কর্মীরাও ঠিকভাবে অফিসে আসেন না । গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকা থেকে প্রতিনিয়ত মানুষ আসছেন বিভিন্ন কাজে গ্রাম পঞ্চায়েত দপ্তরে কিন্তু তারা নাকাল হয়ে বাড়ি ফিরছেন। কখনো বা গ্রাম পঞ্চায়েত কখনো বা ব্লক অফিস এভাবেই দৌড় ঝাপ চলছে সাধারণ মানুষের বিভিন্ন কাজের জন্য। বুধবারেও প্রচুর মানুষ বিভিন্ন কাজের জন্য গ্রাম পঞ্চায়েত দপ্তরে এসেছিলেন প্রধানের স্বাক্ষরের জন্য কিন্তু প্রধান কিংবা উপপ্রধান না থাকায় সবাইকে ফিরে যেতে হয়েছে।। কবে এই সমস্যার সমাধান হবে তাই নিয়ে প্রশ্ন উঠেছে সাধারণ মানুষের মধ্যে।

# বাকলা এলাকায় হাতির তাণ্ডব ,ভাঙলো ঘরবাড়ি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বাকলা এলাকায় হাতির তাণ্ডব দিনের পর দিন বেড়েই চলেছে। মঙ্গলবার গভীর রাতে এক পাল হাতি এসে ভেঙ্গে দিয়ে গেল বেশ কয়েকটি বাড়ি এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের কাছ থেকে। অতিরিক্ত বৃষ্টির শুরু হওয়ার পর থেকেই ছিপড়া জঙ্গল থেকে হাতি সূর্য ডোবার পরেই বেরিয়ে আসছে। রাতভর তান্ডব চালাচ্ছে মহাকাল গড়ি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায়। বুধবার ওই এলাকায় গিয়ে দেখা গেছে বেশ কয়েকটি বাড়ি ভেঙ্গে চুরমার করে দিয়েছে হাতির পাল। এলাকার বাসিন্দারা জানিয়েছেন বনদপ্তরের কর্মীরা টহলদারি করলেও ফসল রক্ষা করা যাচ্ছে না। প্রতিনিয়ত ক্ষতির শিকার হতে হচ্ছে মহাকালগুড়ি এলাকার বাসিন্দাদের।

# নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজুলিতে পড়ে গেল পিঁয়াজ বোঝাই ট্রাক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** ৩১ নম্বর জাতীয় সড়কের কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ির অধীন নাররাথলি ভাটিখানার সামনে উল্টে গেছে একটি পিঁয়াজ বোঝাই ট্রাক। শিলিগুড়ি থেকে গৌহাটি যাবার পথে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি উল্টে যায় জাতীয় সড়কের পাশেই । গাড়িতে থাকা প্রচুর পরিমাণ পিঁয়াজ নষ্ট হয়েছে জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে। এলাকাবাসীদের কাছ থেকে জানা গেছে ঘুমে আচ্ছন্ন হয়ে গিয়েছিল চালক আর এর ফলেই নিয়ন্ত্রণ  হারিয়ে গাড়িটি জাতীয় সড়ক থেকে নয়নজুলিতে পড়ে যায়। গাড়িটিকে উদ্ধার করার চেষ্টা চালাচ্ছে কামাখ্যাগুড়ি ফারির পুলিশ।

# তাসের ঘরের মতো ভেঙে যাচ্ছে গ্রাম পঞ্চায়েতের বোর্ড গুলি




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন :** চাপরের পাড় ২  গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং উপপ্রধান ইস্তফা পত্র জমা দিলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের কাছে।  প্রধান ও উপপ্রধান এবং পঞ্চায়েত পদ থেকে ইস্তফা দিলেন তারা। বুধবার আলিপুরদোর দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের দপ্তরে এসে তারা ইস্থফা পত্র জমা দিয়ে গেছেন। তারা জানিয়েছেন  স্বইচ্ছায় এই পদত্যাগ পত্র জমা দিয়েছেন প্রশাসনিক কর্তার কাছে। সমষ্টি উন্নয়ন আধিকারিক সূত্রে জানা গেছে দুজনকেই নোটিশ দিয়ে ডেকে হেয়ারিং করা হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |